দৈনিক বাংলা

18

তারিখ 28 JUL 199?
পৃষ্ঠা 7 কলাম ৫

# খুলনা ভার্সিটিতে ভর্তি পরীক্ষা : ১২০ আসনে ৪ হাজার প্রার্থী

নিজস্ব প্রতিনিধি : খুলনা, ২৭ জুলাই।– খুলনা বিশ্ববিদ্যালয়ে বর্তমান শিক্ষা বছরে ভর্তি করা হবে মাত্র ১২০ জন ছাত্রছাত্রী। অথচ দরখাস্ত পড়েছে ৪ হাজার ৬৬ টি।

মোট ৬টি বিষয়ে ২০ জন করে ১২০ টি আসন রয়েছে। এই ৬টি বিষয়কে ৩টি গ্রুপভুক্ত করা হয়েছে। ৪ গ্রুপে ৬০টি

(৭-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## খুলনা ভার্সিটিতে

(প্রথম পৃষ্ঠার পর)

আসনের জন্য ১২০৬ জন, 'খ' গ্রুপে ৪০টি আসনের জন্য ৭৮৮ জন এবং 'গ' গ্রুপে ২০টি আসনের জন্য ১২১০ জন নির্বাচনী পরীক্ষায় অংশ নেবে। এই ভর্তি পরীক্ষা আগামী ৬ ও ৭ আগস্ট খুলনা ইঞ্জিনিয়ারিং কলেজে (বি আই টি) অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য খুলনা বিশ্ববিদ্যালয়ে গত বছরে ৪টি বিষয়ে ছাত্র–ছাত্রী নিয়ে যাত্রা শুরু করে এবং এ বছরে আরও ২টি বিষয় নতুন সংযোজন করে মোট ৬টি বিষয়ে ১২০ জন ছাত্র–ছাত্রীকে ভর্তি করা হবে। আসন সংখ্যা সীমিত হওয়ায় ছাত্র–ছাত্রী ও অভি-ভাবকদের মধ্যে হতাশা বিরাজ করছে। তাদের অভিমত যে প্রতিটি বিষয়ে আসন সংখ্যা বৃদ্ধি করা দরকার।